দৈনিক
ইনকিলাব

তারিখ NOV. 1 0 2006
পৃষ্ঠা ২ কলাম ৪

# বিশ্ববিদ্যালয়ে ভর্তি কোচিং প্রতিষ্ঠানগুলোর ব্যবসা লাটে উঠেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বিশ্ববিদ্যালয়ে ভর্তি কোচিংগুলোর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ব্যবসা এবার লাটে উঠেছে। গত রোববার ব্যাগ ভর্তি ফরমসহ ধরা খাওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম বিক্রি বন্ধ করে দিয়েছে কোচিং সেন্টারগুলো। ফলে গতকাল (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয়ের ৩টি বাণিজ্যিক ব্যাংকে ছিল ভর্তিচ্ছুদের উপচেপড়া ভিড়। একটি ফরমের জন্য দীর্ঘ লাইনে কয়েক ঘন্টা দাঁড়িয়ে থাকতে হয়েছে শিক্ষার্থীদের। টিএসসিতে অবস্থিত জনতা ব্যাংকের লাইন টিএসসি ছাড়িয়ে রাস্তায় গিয়ে ওঠে।

গত রোববার অবৈধ ভর্তি ফরম সিন্ডিকেট হাতেনাতে ধরা খাওয়ার পর ব্যাংক কর্তৃপক্ষ অনেকটাই সচেতন হয়ে উঠেছেন। আগে এক শিক্ষার্থীকে একাধিক ফরম দেয়া হলেও এখন নিয়ম ভঙ্গ করছে না ব্যাংক কর্মকর্তারা। তবে গত ৫ দিনের মধ্যে গতকাল সবচেয়ে বেশী ফরম বিক্রি হয়েছে বলে জানায় ব্যাংক কর্মকর্তারা। সঠিক পরিসংখ্যান জানা না গেলেও ধারণা করা হচ্ছে, গত ৫ দিনে প্রায় ৩৫ সহস্রাধিক ফরম বিক্রি হয়েছে। ভর্তি ফরম একই সঙ্গে জমাও নেয়া হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ অনার্স (আইবিএসহ) ভর্তি পরীক্ষার ফরম বিতরণ গত ২ নভেম্বর থেকে শুরু হয়েছে। একটানা ১৬ নভেম্বর পর্যন্ত ফরম বিতরণ ও গ্রহণ চলবে। তবে আইবিএ'র ফরম ২১ নভেম্বর পর্যন্ত জমা নেয়া হবে। আগামী ১ ডিসেম্বর ভর্তি পরীক্ষা শুরু হবে। আইবিএ'র পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৪ নভেম্বর। ক্যাম্পাসে অবস্থিত তিনটি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ফরম বিক্রি করা হচ্ছে।